



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২
২৬ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ নং-১৯/২০২৬

কর্পোরেশনের অফিস সহায়ক জনাব মোঃ মাহবুব আমিন (আইডি নং-২০১৪০০৩০) বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এবং বিধি বহির্ভূতভাবে Lunch Subsidy গ্রহণ করায় ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ২(১) এ প্রদত্ত সংজ্ঞা, প্রবিধান ৩৮(২)(খ), ৫১(ক), ৫১(খ) ও ৫১(ছ) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী অসদাচরণ, আচরণ ও শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ড এবং অর্থ আত্মসাৎ এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়। সে প্রেক্ষিতে, বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ/শৃঙ্খলা/আপিল ও জ্যেষ্ঠতা নির্ধারণ কমিটির সুপারিশ অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর প্রবিধান ৫২(১)(ক)(আ) ও ৫২(১)(খ)(আ) মোতাবেক জনাব মোঃ মাহবুব আমিন-এর বিরুদ্ধে ২৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ হতে নিম্নোক্ত দণ্ড কার্যকর করা হলো:

- (ক) অফিস সহায়ক জনাব মোঃ মাহবুব আমিন এর পরবর্তী ০২ (দুই) বছরের জন্য অর্থাৎ ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের বেতন বর্ধন স্থগিতকরণ (পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য নন); এবং
- (খ) বিধিবহির্ভূতভাবে Lunch Subsidy বাবদ গৃহীত অর্থ জনাব মোঃ মাহবুব আমিন-এর মার্চ, ২০২৬ মাসের বেতন-ভাতাদি হতে কর্পোরেশনের হিসাবে জমাকরণ।

০২। জনাব মোঃ মাহবুব আমিন কর্তৃক বিধি বহির্ভূতভাবে গৃহীত অর্থ সমন্বয়ের বিষয়ে সেন্ট্রাল অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মোঃ মারুফ বিল্লাহ

সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জনাব মোঃ মাহবুব আমিন।
০২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
০৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
০৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
০৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।